

# দেরি করে আসা পরীক্ষার্থীদের প্রবেশ করতে দেয়া হয়নি জবি কেন্দ্রে

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: শুক্রবার, ১০ মে ২০২৪



গুচ্ছভুক্ত ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষার 'সি' ইউনিটের পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) কেন্দ্রে দেরি করে আসা পরীক্ষার্থীদের প্রবেশ করতে দেয়া হয়নি। এদিন সকাল ১১ টা ৫ মিনিটের পরপর ক্যাম্পাসের সব প্রবেশ গেটে তালা ঝুলিয়ে প্রক্টরিয়াল বডি সহ বিএনসিসির স্বেচ্ছাসেবীরা সরে যায়।

আজ শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে সকাল ১১ টা থেকে শুরু হওয়া গুচ্ছের সি ইউনিটের পরীক্ষায় এ চিত্র দেখা যায়।

এদিন বেষ কয়েকজন ভৰ্তিচ্ছু পৰীক্ষাৰ্থী পৰীক্ষা শুৰু হওয়ার পৰ কেন্দ্ৰে পৌঁছালে তাদেৱ প্ৰবেশ কৰতে দেয়া হয়নি। তাৰা গেট থেকে ফিৰে যায়।

দেৱি কৰে আসা এক শিক্ষাৰ্থী বলেন, ৰাস্তায় যানজটের কাৰণে আসতে দেৱি হয়ে গিয়েছে। প্ৰথমে প্ৰধান যে গেট রয়েছে সেখানে থেকে ফিৰেয়ে দেয়া হয়েছে, বলা হয়েছে পাশেৰ গেটে যেতে। এখানে এসেও দেখি গেট বন্ধ। পাৰলাম না পৰীক্ষা দিতে।

এদিকে এর আগে এ ও বি ইউনিটের পরীক্ষায় পরীক্ষা শুরুর ১৫ থেকে ২০ মিনিট পরও শিক্ষার্থীদের প্রবেশ করতে দেয়া হয়েছিল। কিন্তু আজ চিত্র ব্যতিক্রম।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন বলেন, সেন্ট্রাল কমিটি থেকে নির্দেশনা দেয়া হয়েছিল ১১ টা পর কাওকে প্রবেশ করতে না দেয়া তাও আমরা ১১ টা ৫ মিনিট পর্যন্ত প্রবেশ করিয়েছি। এরপর গেট বন্ধ করে দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, এটা কোর কমিটির সিদ্ধান্ত ছিলো। এর আগের ইউনিটগুলোতে যদি কেও দেরি করেও প্রবেশ করে থাকে সেক্ষেত্রে তাদের পাশে রিপোর্টেড লেখা ছিলো।